

রুয়েটের ভর্তি পরীক্ষা আসন্নপ্রতি ৭ শিক্ষার্থী

সংবাদ : প্রতিনিধি, রাবি (রাজশাহী)

| ঢাকা, বৃহস্পতিবার, ২৪ অক্টোবর ২০১৯

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) ২০১৯-২০ সেশনের প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আজ ২৪ অক্টোবর। এবারের ভর্তি পরীক্ষায় ১২৩৫টি আসনের বিপরীতে ৯০৬০ জন ভর্তিচ্ছুল পরীক্ষায় অংশ নেবে। প্রতিটি আসনের জন্য লড়বে সাতজন ভর্তিচ্ছুল। গত মঙ্গলবার বেলা সাড়ে ১২টায় রুয়েটের প্রশাসনিক ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রফিকুল ইসলাম সেখ।

সংবাদ সম্মেলনে ভর্তি পরীক্ষা কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. মোশারুর ফ হোসেন বলেন, এবারের ভর্তি পরীক্ষায় দু'টি গ্রন্তিপ্রে (ক ও খ) অধীনে ১৪টি বিভাগে পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকাল ৯টা থেকে বেলা ১১টা পর্যন্ত 'ক' গ্রন্তিপ্রে ৮২৮০ জন এবং 'খ' গ্রন্তিপ্রে অধীনে স্কাল ৯টা থেকে দুপুর ১২টা '১০ পর্যন্ত ৭৮০ জন ভর্তিচ্ছুল পরীক্ষায় অংশ নেবে। আগামী ০৪ নভেম্বর (সোমবার) ভর্তির পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে।

সংবাদ সম্মেলনে রুয়েটের উপাচার্য অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম সেখ বলেন, ভতি পরীক্ষা সুষৃষ্টিভাবে সম্পন্ন করতে এরহমধ্যে সব ধরনের প্রস্তুতি সম্পন্ন হয়েছে। পরীক্ষাকে কেন্দ্র করে যেকোনো ধরনের জালিয়াতি রোধে সব ধরনের ব্যবস্থা নেয়া হয়েছে। এ সময় উপস্থিত ছিলেন, রুয়েটের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. সেলিম হোসেন, ছাত্র কল্যাণ দফতরের পরিচালক অধ্যাপক ড. মো. রবিউল আওয়াল, উপ-পরিচালক মো. মামুনুর রশীদ ও আবু সাঈদ, কেন্দ্রীয় ভা-এরে ইনচার্জ শ্যাম দত্ত, পরিকল্পনা ও উন্নয়ন দপ্তরের সহকারী প্রকৌশলী হারুন অর রশীদ, জনসংযোগ দফতরের জনসংযোগ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) আ.ফ.ম. মাহমুদুর রহমান প্রমুখ।